**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 15-07-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

**CM– DAJBA :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, ভালো কাজের নিরিখে, প্রধানমন্ত্রী গ্রামীন আবাস যোজনায় ত্রিপুরা সারা দেশে প্রথম স্থানে রয়েছে। গতকাল জিরানীয়ার বেলবাড়িতে ধরতি আবা জনভাগিদারী অভিযান কর্মসূচিতে তিনি একথা বলেন। তিনি বলেন, ত্রিপুরায় প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনাতেও ভালো কাজ হচ্ছে। ধরতি আবা গ্রাম উৎকর্ষ অভিযানের লক্ষ্য গ্রামীন ও জনজাতি অধ্যুষিত এলাকার নাগরিকদের কাছে সরকারী সমস্ত সুযোগ সুবিধা পৌঁছে দেওয়া। এই যোজনা দেশের ৫৪৯টি জেলার ৬৩ হাজারেরও বেশি গ্রামে কার্যকর হচ্ছে।

*************************

**New Chief Justice :**

ত্রিপুরা হাইকোর্টের নবম প্রধান বিচারপতি হচ্ছেন বিচারপতি মামিদান্না সত্যা রত্ন শ্রী রামাচন্দ্র রাও। তিনি বর্তমানে ঝাড়খন্ড হাইকোর্টে প্রধান বিচারপতির দায়িত্বে আছেন। গতকাল আইন ও বিচার মন্ত্রকের যুগ্ম সচিব জগন্নাথ শ্রীবাস্তব এক বিজ্ঞপ্তিতে এই খবর জানিয়েছেন। ত্রিপুরা হাইকোর্টের বর্তমান প্রধান বিচারপতি অপরেশ কুমার সিং তেলেঙ্গানা হাইকোর্টের প্রধান বিচারপতি হিসেবে বদলি হয়েছেন।

****************************

**Piyush Goyal :**

কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্পমন্ত্রী পীযূষ গোয়েল নতুন দিল্লিতে জাতীয় এক জেলা এক পণ্য (ওডিওপি) ২০২৪ পুরস্কার অনুষ্ঠানে যোগ দেন। গতকাল আয়োজিত অনুষ্ঠানে তিনি বলেন, নতুন বাজারে প্রথমবারের মতো রপ্তানিকারকদের উৎসাহিত করার জন্য বাণিজ্য মন্ত্রণালয় জেলাগুলির সঙ্গে

কাজ করবে। তিনি বলেন, পণ্যের নতুন বাজারে ওডিওপি পণ্য প্রচারের জন্য বাণিজ্য মন্ত্রণালয় জেলাগুলির অংশীদার হতে পারে এবং রপ্তানিকারকদের সহায়তা করতে পারে। তিনি আরও বলেন, অমৃত কাল ২০২২ থেকে ২০৪৭-এর শুরুতে ঘোষিত প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর 'পঞ্চ-প্রাণ' বা প্রতিশ্রুতিগুলিকে এগিয়ে নেওয়া হচ্ছে। এই প্রতিশ্রুতিগুলি ভারতকে একটি উন্নত জাতি হিসেবে গড়ে তোলার লক্ষ্যে কাজ করছে বলেও উল্লেখ করেন শ্রী গোয়েল।

***************************

**Ratan Lal Nath-Press Meet :**

বিদ্যুৎমন্ত্রী রতন লাল নাথ গতকাল আগরতলায় প্রদেশ বিজেপি কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনে বলেন, স্মার্ট মিটারে সবচেয়ে বেশি লাভবান হবেন বৈধ বিদ্যুৎ গ্রাহকরা। তিনি বলেন, স্মার্ট মিটার অত্যাধুনিক প্রযুক্তি নির্ভর গ্রাহক বান্ধব। স্মার্ট মিটার বসানো হলে বাড়ি বাড়ি অনুমান নির্ভর বিদ্যুৎ বিল দেওয়া বন্ধ হবে। কোন গ্রাহক কতটুকু বিদ্যুৎ ব্যবহার করছেন তা মোবাইলের মাধ্যমে জানা যাবে বলেও বিদ্যুৎমন্ত্রী জানান। তাছাড়া স্মার্ট মিটারে কোন ধরনের গোলযোগ দেখা দিলে তা সঙ্গে সঙ্গেই নিগমের কর্মীরা মিটার সারাই করে দেবেন। স্মার্ট মিটার ব্যবহার করলে বিদ্যুৎ অপচয় বন্ধ করা সম্ভব হবে। তিনি বলেন, স্মার্ট মিটারে যদি সুবিধা না পাওয়া যায় তাহলে গ্রাহকরা তাদের পছন্দ অনুযায়ী ইলেকট্রনিক মিটারই ব্যবহার করতে পারবেন।

******************************

**DAJBA-Sushanta Chowdhuri :**

জম্পুইজলা মহকুমার বুখরাই কমিউনিটি হলে গতকাল সিপাহীজলা জেলাভিত্তিক ধরতি আবা জনভাগীদারী অভিযান কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। জনজাতীয় গৌরব দিবস উদযাপনের অঙ্গ হিসেবে এই অনুষ্ঠানের উদ্বোধন করে পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী বলেন এক ভারত শ্রেষ্ট ভারত গড়ার ডাক দিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। উল্লেখ্য, সিপাহীজলা জেলাতেও

৩৮টি জনজাতি অধ্যুষিত গ্রামকে চিহ্নিত করা হয়েছিল এই অভিযানের জন্য।

*************************

**Santirbazar sub-Division Level Merit Award :**

শান্তিরবাজার মহকুমা প্রশাসনের উদ্যোগে গতকাল শান্তিরবাজারের মুকুট অডিটোরিয়ামে এক অনুষ্ঠানের মাধ্যমে মহকুমা এলাকার ১১৮ জন মাধ্যমিক এবং ৬৩ জন উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ভালো ফলাফল অর্জনকারী ছাত্র-ছাত্রীকে সম্বর্ধনা প্রদান করা হয়। উদ্বোধন করেন শান্তিরবাজার পুর পরিষদের চেয়ারপার্সন স্বপ্না মজুমদার বৈদ্য। ছাত্র-ছাত্রীদের লেখাপড়ার পাশাপাশি ভালো মানুষ হিসেবে সমাজের জন্য কাজ করার পরামর্শ দেন অনুষ্ঠানের অতিথিরা। এদিন মহকুমা প্রশাসনের পক্ষ থেকে ৮০ শতাংশের বেশি নম্বর প্রাপকদের ১ হাজার টাকা এবং ৯০ শতাংশের বেশি নম্বর প্রাপকদের ১ হাজার ৫০০ টাকার চেক প্রদান করা হয়। অনুষ্ঠানে এছাড়াও ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের পরীক্ষায় মহকুমা এলাকার ২ জন মাধ্যমিক ও ২ জন উচ্চ মাধ্যমিক মেধা তালিকায় প্রথম দশে স্থানাধিকারী ছাত্র-ছাত্রীদেরও শংসাপত্র ও ৫ হাজার টাকা করে চেক প্রদান করা হয়।

*****************************

**Rakhal Shield :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত রাখাল শিল্ড নকআউট ফুটবল প্রতিযোগিতায় কল্যাণ সমিতি সেমিফাইনালে উঠেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে গতরাতে নৈশালোকে অনুষ্ঠিত খেলায় কল্যাণ সমিতি ১-০ গোলে রামকৃষ্ণ ক্লাবকে হারিয়ে দেয়।

************************

**Lords Test :**

লর্ডসের তৃতীয় টেস্টে ইংল্যান্ড কাছে ২২ রানে হেরে গেছে ভারত। পঞ্চম তথা শেষ দিনে জয়ের জন্য ১৯৩ রানের লক্ষ্যে ব্যাট করতে নেমে

ভারতীয় দল সবকটি উইকেট হারিয়ে ১৭০ রান করতে সক্ষম হয়। এর আগে দ্বিতীয় ইনিংসে স্বাগতিক ইংল্যান্ড ১৯২ রান করেছিল। এই টেস্টে ইংল্যান্ডের প্রথম ইনিংসের ৩৮৭ রানের জবাবে ভারতও প্রথম ইনিংসে ৩৮৭ রান করেছিল। জয় ছিনিয়ে ইংল্যান্ড পাঁচ টেস্টের সিরিজে ২-১ এ এগিয়ে গেলো।

*************************

**Weather :**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ সাধারনত মেঘলা থাকবে। বজ্র-বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.৬ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩০ ডিগ্রির কাছাকাছি। আজ ভোর পর্যন্ত গত ২৪ ঘন্টায় আগরতলা ও তার আশেপাশে বৃষ্টি হয়েছে ৭ দশমিক ৮ মিলিমিটার।

****************************